

নার্সিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তিতেও এবার জয়েন্ট

চিরদীপ ভট্টাচার্য

উচ্চমাধ্যমিক বা সমতুল ১০+২ বোর্ড পরীক্ষায় পাওয়া নম্বরের নিরিখে নয়, এ বছর থেকে রাজ্যের নার্সিং প্রশিক্ষণ স্কুলগুলিতে নার্সিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তির মাপকাঠি হিসেবে প্রবেশিকা পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত নিতে চলেছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর। নার্সিংয়ের এই কোর্স দুটি হল তিন বছরের জিএনএম (জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি) এবং দুই বছরের এএনএম (আর) (রিভাইজড অঞ্জিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি)। বর্তমানে এ রাজ্যে প্রায় ১০২টি প্রতিষ্ঠানে (এর মধ্যে ৩৯টি সরকারি) এই কোর্সগুলিতে আসন সংখ্যা প্রায় ৫ হাজার, যা চলতি বছরে আরও বাড়ার সম্ভাবনা। প্রতি বছর এক লক্ষেরও বেশি ছাত্রছাত্রী এই কোর্সগুলিতে ভর্তির জন্য আবেদন করেন। গত বছর পর্যন্ত দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এ রাজ্যের নার্সিং স্কুলগুলিতে ভর্তি নেওয়া হত। এর ফলে নম্বরদৌড়ে পিছিয়ে পড়া পড়ুয়ারা দালালচক্রের মাধ্যমে লক্ষ লক্ষ টাকা দিয়ে ভিনরাজ্যের বিভিন্ন নার্সিং স্কুলে ভর্তি হতে চলে যাচ্ছিল। এভাবে ভিনরাজ্যে গিয়ে অনুমোদনহীন প্রতিষ্ঠানে ভর্তি এবং টাকা মার যাওয়ার ভুরি ভুরি অভিযোগ শুঠায় এই পদক্ষেপ আবশ্যিক হয়ে পড়েছিল বলে নার্সিং কাউন্সিল সূত্রে জানা গেছে।

২৪ মার্চ, বুধবার নার্সিং প্রশিক্ষণ সংস্থাগুলির প্রতিনিধিদের সঙ্গে সভার পর রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা ডাঃ অজয় চক্রবর্তী জানানেন, '২০২১ থেকে প্রবেশিকার মাধ্যমে রাজ্যের নার্সিং স্কুলগুলিতে জিএনএম এবং এএনএম কোর্সে ছাত্রছাত্রী ভর্তির ব্যাপারে গঠনমূলক আলোচনা হয়েছে। উভয় ধরনের প্রতিষ্ঠানের প্রতিনিধিরাই

পড়ুয়া ভর্তি নিতে সম্মত হয়েছেন এবং এই পরীক্ষা রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স বোর্ডই নেবে।'

পরীক্ষা আয়োজনের দায়িত্বে থাকা জয়েন্ট বোর্ড সূত্রে জানা গেল, এ বছর এই পরীক্ষার সম্ভাব্য তারিখ ২২ আগস্ট, রবিবার। মাস্টিপল চয়েসধর্মী ৬৫টি প্রশ্নের উত্তর কম্পিউটার স্ক্যানারে পরীক্ষাযোগ্য অপটিক্যাল মার্ক রেসপন্স (ওএমআর) শিটে চিহ্নিত করতে হবে। জীবন বিজ্ঞান (২৫টি প্রশ্ন), ভৌতবিজ্ঞান (১৫), পাটিগণিত (৫), ইংরেজি গ্রামার (১০), সাধারণ জ্ঞান (৫) এবং লজিক্যাল রিজনিং (৫) থেকে প্রশ্ন থাকবে। বরাদ্দ সময় ৯০ মিনিট বা দেড় ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।

উচ্চমাধ্যমিক বা সমতুল ১০+২ বোর্ড পরীক্ষায় এপ্রিগেটে কমপক্ষে ৪০ শতাংশ নম্বর নিয়ে উত্তীর্ণ যে কোনও শাখার (সায়েন্স, হিউম্যানিটিজ, কমার্স) মহিলা ও পুরুষ প্রার্থীরা ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের ভিত্তিতে ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। ৩১.১২.২০২০ তারিখের ভিত্তিতে কমপক্ষে ৫ বছর ধারাবাহিকভাবে এ রাজ্যের গ্রাম পঞ্চায়েতের অধিবাসী প্রার্থীরা এএনএম সহ জিএনএম কোর্সের জন্য আবেদন জানাতে পারবেন। শহরাঞ্চলের প্রার্থীরা শুধুমাত্র জিএনএম কোর্সে ভর্তির জন্য বিবেচিত হবেন। এই শর্তগুলি পূরণ সাপেক্ষে ২০২১ সালে উচ্চমাধ্যমিক দিতে চলা পড়ুয়ারাও এই পরীক্ষায় বসার জন্য আবেদন জানাতে পারবেন।

জয়েন্ট বোর্ডের www.wbjeeb.nic.in ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করা যাবে চলতি মাসের শেষ সপ্তাহে। পরীক্ষার ফি ৩০০ টাকা (সংরক্ষিতদের ২০০ টাকা)। পরীক্ষার ফি ৩০০ টাকা (সংরক্ষিতদের ২০০ টাকা)।



GNM Nursing

www.wbjeeb.nic.in